# মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, দিনাজপুর

Website: www.dinajpureducationboard.gov.bd email: dinajpureducationboard@gmail.com

স্মারক নং- মাউশিবোদি/প্রশাঃ/নাগরিক সেবা/১৪৪/২০১৭/৪৬৬২(কা)(৮) তারিখ ঃ ০২/১/২০১৯

**বিষয় ঃ ইনোভেশন কমিটি গঠন প্রসঙ্গে।**

উল্লিখিত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, অত্র শিক্ষা বোর্ডের নিম্নবর্ণিত কর্মকর্তাগণের সমন্বয়ে ইনোভেশন কমিটি গঠন করা হলো।

| ক্র:নং | নাম | পদবি | মর্যাদা |
|---|---|---|---|
| ০১ | প্রফেসর মোঃ আবু বকর সিদ্দিক | চেয়ারম্যান | চীফ ইনোভেশন অফিসার |
| ০২ | প্রফেসর মোঃ আমিনুল হক সরকার | সচিব | আহবায়ক |
| ০৩ | প্রফেসর মোঃ তোফাজ্জুর রহমান | পরীক্ষা নিয়ন্ত্রক | সদস্য |
| ০৪ | জনাব মোঃ ফারাজ উদ্দিন তালুকদার | কলেজ পরিদর্শক | সদস্য |
| ০৫ | জনাব মোঃ আবু হেনা মোস্তফা কামাল | বিদ্যালয় পরিদর্শক | সদস্য |
| ০৬ | ড. মোঃ আব্দুর রাজ্জাক | উপ-সচিব | সদস্য |
| ০৭ | জনাব মোঃ হারুন অর রশীদ মন্ডল | উপ-পরীক্ষা নিয়ন্ত্রক (উমাঃ) | ফোকাল পয়েন্ট কর্মকর্তা |

02.01.2019

প্রফেসর মোঃ আবু বকর সিদ্দিক
চেয়ারম্যান
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
দিনাজপুর

সদয় অবগতি ও কার্যার্থে বিতরণ ঃ

১। সচিব, অত্র শিক্ষা বোর্ড।
২। পরীক্ষা নিয়ন্ত্রক, অত্র শিক্ষা বোর্ড।
৩। কলেজ পরিদর্শক, অত্র শিক্ষা বোর্ড।
৪। বিদ্যালয় পরিদর্শক, অত্র শিক্ষা বোর্ড।
৫। উপ-সচিব, অত্র শিক্ষা বোর্ড।
৬। উপ-পরীক্ষা নিয়ন্ত্রক (উঃমাঃ), অত্র শিক্ষা বোর্ড।
৭। পি এস টু চেয়ারম্যান, অত্র শিক্ষা বোর্ড।
৮। অফিস কপি।

# মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, দিনাজপুর

## উদ্ভাবনী কর্মপরিকল্পনা বাস্তবায়ন সম্পর্কিত ইনোভেশন কমিটির ১ম সভার কার্যবিবরণী

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষাবোর্ড, দিনাজপুরের ২০২০-২০২১ অর্থ বছরের উদ্ভাবনী কর্মপরিকল্পনা বাস্তবায়ন সম্পর্কিত ইনোভেশন কমিটির সভা ২৫/০৭/২০২০ তারিখ সকাল ১১.০০ টায় চেয়ারম্যান প্রফেসর মোঃ আবু বকর সিদ্দিক মহোদয়ের সভাপতিত্বে শিক্ষা বোর্ডের সভাকক্ষে অনুষ্ঠিত হয়। উক্ত সভায় নিম্নবর্ণিত কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।

| ক্রমিক নং | কর্মকর্তার নাম, পদবি | স্বাক্ষর |
|---|---|---|
| ০১ | প্রফেসর মোঃ আবু বকর সিদ্দিক<br>চেয়ারম্যান, অত্র শিক্ষা বোর্ড।<br>ও চীফ ইনোভেশন অফিসার, ইনোভেশন কমিটি। | ২৫/৭/২০২০ |
| ০২ | প্রফেসর মোঃ আমিনুল হক সরকার<br>সচিব, অত্র শিক্ষা বোর্ড।<br>ও আহবায়ক, ইনোভেশন কমিটি। | ২৫.৭.2020 |
| ০৩ | প্রফেসর মোঃ তোফাজ্জুর রহমান<br>পরীক্ষা নিয়ন্ত্রক, অত্র শিক্ষা বোর্ড। | ২৫/09/২০২০ |
| ০৪ | জনাব মোঃ ফারাজ উদ্দিন তালুকদার<br>কলেজ পরিদর্শক, অত্র শিক্ষা বোর্ড। | 25.07.2020 |
| ০৫ | জনাব মোঃ আবু হেনা মোস্তফা কামাল<br>বিদ্যালয় পরিদর্শক, অত্র শিক্ষা বোর্ড। | |
| ০৬ | ড. মোঃ আব্দুর রাজ্জাক<br>উপ-সচিব, অত্র শিক্ষা বোর্ড। | ২৫.০৭.2020 |
| ০৭ | জনাব মোঃ হারুন অর রশীদ মন্ডল (ফোকাল পয়েন্ট কর্মকর্তা)<br>উপ পরীক্ষা নিয়ন্ত্রক (উমাঃ), অত্র শিক্ষা বোর্ড। | ২৫/09/2020 |

সভাপতি মহোদয় উপস্থিত সকলকে অভিনন্দন ও শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি সভায় উপস্থিত হওয়ার জন্য সকলকে আন্তরিক ধন্যবাদ জানান। বর্তমান সরকারের উন্নয়ন, লক্ষ্য ও তা অর্জনের জন্য প্রয়োজনীয় নির্দেশনা প্রতিপালনের উদ্দেশ্যে শিক্ষা বোর্ডের সচিব ও ইনোভিশন কমিটির আহ্বায়ক নাগরিক সেবা উদ্ভাবনী কার্যক্রমে গতিশীলতা বৃদ্ধির লক্ষ্যে উপস্থিত সকলের মনোযোগ আকর্ষণপূর্বক বক্তব্য রাখেন। এরপর আলোচ্য বিষয়ের উপর আলোচনা শুরু হয়।

আলোচ্য বিষয় ঃ ১ ॥ ২০২০-২০২১ অর্থ বছরের উদ্ভাবনী কর্মপরিকল্পনা বাস্তবায়ন সম্পর্কিত আলোচনা ঃ

আলোচনা ঃ আলোচ্য সূচির শুরুতে সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে অত্র বোর্ডের সচিব প্রফেসর মোঃ আমিনুল হক সরকার ২০২০-২০২১ অর্থ বছরের নাগরিক সেবা উদ্ভাবনী কর্মপরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন সম্পর্কিত বিষয়ে বলেন যে, অগ্রাধিকার

ভিত্তিতে নাগরিক সেবা উদ্ভাবনী কর্মপরিকল্পনা বাস্তবায়ন করা প্রয়োজন। এ লক্ষ্যে অত্র শিক্ষা বোর্ডের অনলাইনে রেজিস্ট্রেশন সংশোধন সম্পর্কিত আবেদন নিষ্পত্তির পদক্ষেপ গ্রহণ করা যায়। এ প্রসঙ্গে উপ-সচিব, ড. মোঃ আব্দুর রাজ্জাক এবং উপ পরীক্ষা নিয়ন্ত্রক (উমাঃ), জনাব মোঃ হারুন অর রশীদ মন্ডল (ফোকাল পয়েন্ট কর্মকর্তা) জানান যে, তাঁরা নায়েম, ঢাকায় অনুষ্ঠিত নাগরিক সেবা উদ্ভাবন সম্পর্কিত ০৫ (পাঁচ) দিনের প্রশিক্ষণে অংশগ্রহণ করেন। উক্ত প্রশিক্ষণে রেজিস্ট্রেশন সংশোধন সম্পর্কিত প্রকল্প উদ্ভাবনী প্রকল্প হিসাবে উপস্থাপিত হয়। প্রকল্পটি অত্র শিক্ষা বোর্ডের সংশ্লিষ্ট সেবা গ্রহীতাদের জন্য ফলপ্রসূভাবে বাস্তবায়নের লক্ষ্যে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের বিষয়ে সভার সম্মানিত সদস্যগণ সহমত পোষণ করেন। অনলাইন পদ্ধতিতে রেজিস্ট্রেশন সংশোধন সম্পর্কিত কার্যাদি সুসম্পন্ন করা হলে সময়, খরচ ও ভিজিট কমানো সম্ভব হবে এবং সেবাগ্রহীতাদের ভোগান্তি কমবে।

**সিদ্ধান্ত ঃ**

প্রচলিত পদ্ধতির পরিবর্তে অনলাইনে রেজিস্ট্রেশন সংশোধন সম্পর্কিত প্রক্রিয়াটি অনলাইনে সুসম্পন্নকরণের সিদ্ধান্ত গৃহীত হয়।

**আলোচ্য বিষয় ঃ ২ ॥ বিবিধ ঃ**

অত্র শিক্ষা বোর্ডে সেবা প্রদানে সম্মিলিতভাবে নৈতিকতা অনুসরণ ও চর্চার বিষয়ে উদ্বুদ্ধকরণ ও সচেতনতা বৃদ্ধির পদক্ষেপ অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়।

পরিশেষে, সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি শিক্ষাবোর্ডের উত্তরোত্তর অগ্রগতি ও উন্নতির জন্য সভায় উপস্থিত সকলের সহযোগিতা কামনা করেন এবং সভায় উপস্থিত হওয়ার জন্য সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

25.07.2020

(প্রফেসর মোঃ আবু বকর সিদ্দিক)
চীফ ইনোভেশন অফিসার, ইনোভেশন কমিটি
ও
চেয়ারম্যান
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
দিনাজপুর।

20/07/2020

(প্রফেসর মোঃ আমিনুল হক সরকার)
আহ্বায়ক, ইনোভেশন কমিটি
ও
সচিব
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
দিনাজপুর।

# মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, দিনাজপুর

Web : www.dinajpureducationboard.gov.bd
E-mail : dinajpureducationboard@gmail.com


স্মারক নং ঃ মাউশিবোদি/প্রশা:/ ৫৭৩৮(৩২)

তারিখ ঃ ২৭/১০/২০২০ খ্রি.

বিষয় ঃ ২০২০-২০২১ অর্থ বছরের বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা প্রেরণ।

সূত্র ঃ ৩৭.০০.০০০০.০৭৫.০১.০০৫.২০-১০৭, তারিখ- ০৮/১০/২০২০।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, দিনাজপুর-এর ২০২০-২০২১ অর্থ বছরের বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা প্রয়োজনীয় কার্যার্থে এতদসঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তি বর্ণনামতে ঃ ০৩ পৃষ্ঠা।

প্রফেসর মোঃ আবু বকর সিদ্দিক
চেয়ারম্যান
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
দিনাজপুর।

সচিব
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রনালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

দৃষ্টি আকর্ষণ ঃ মোঃ ফজলুর রহমান, সিনিয়র সহকারী সচিব (অ.দা.)

# মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, দিনাজপুর

Web : www.dinajpureducationboard.gov.bd
E-mail : dinajpureducationboard@gmail.com




**উদ্ভাবনের শিরোনাম ঃ** অনলাইনে শিক্ষার্থীদের রেজিস্ট্রেশন কার্ড সংশোধন।

**সেবা গ্রহীতা :** শিক্ষার্থী, পিতা-মাতা ও অভিভাবক।

**বিদ্যমান সমস্যা ঃ**
সমস্যার বিবৃতি ঃ তথ্যের অপ্রতুলতা, সনাতন পদ্ধতিতে আবেদন এবং সংশ্লিষ্ট ব্যক্তিদের সহযোগিতার অভাবে শিক্ষা প্রতিষ্ঠানের স্বীকৃতি নবায়ন পেতে দীর্ঘসূত্রীতা তৈরি হয় ফলে কর্ম ক্ষেত্রে কাজের ব্যাঘাতসহ সময়, যাতায়াত ও ব্যয় বৃদ্ধি পায়।

**সেবাটি যেভাবে প্রদান করা হয় :**

- ☐ আবেদন পত্র সংগ্রহ।
- ☐ সংগৃহীত আবেদনপত্র যথাযথভাবে পূরণ।
- ☐ পূরণকৃত ফরমটি সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধানের সুপারিশসহ অগ্রায়ন।
- ☐ ফরমে উল্লিখিত প্রয়োজনীয় কাগপত্র সংযুক্ত করণ।
- ☐ বোর্ড নির্ধারিত ফি ব্যাংকে জমা দান (ডিডি/পে-অর্ডার)।
- ☐ পূরণকৃত ফরমটি সংশ্লিষ্ট শাখায় জমাদান।
- ☐ আবেদন ফরম নথিতে উপস্থাপন।
- ☐ সংশ্লিষ্ট শাখা প্রধান/বোর্ড কর্তৃক অনুমোদন।
- ☐ চূড়ান্তভাবে সংশোধনের জন্য কম্পিউটার কেন্দ্রে প্রেরণ।
- ☐ সংশোধিত কপি সেবা গ্রহীতাকে বিতরণ।

চিহ্নিত সেবাটি প্রাপ্তির ক্ষেত্রে বিদ্যমান সমস্যা, সমস্যার মূল কারণ ও ভোগান্তি।

| চিহ্নিত সেবার মূল কারণ | সমস্যার পিছনে মূল কারণসমূহ | সেবা গ্রহীতা/প্রদানকারীর ভোগান্তি |
|---|---|---|
| আবেদন ফরম প্রতিষ্ঠান প্রধানের সময়মত অগ্রায়ন না করা। | প্রতিষ্ঠান প্রধানকে সময় মত না পাওয়া, ইচ্ছাকৃত ভাবে সময় ক্ষেপন করা। | সংশ্লিষ্ট প্রতিষ্ঠানে বার বার ধরণা দিতে হয়, এতে সময়ের অপচয় হয়। |
| সংশ্লিষ্ট কাগজপত্র/ফরম যথা সময়ে সংগ্রহ করতে না পারা। | অনেক সময় উদ্বেগ, উৎকণ্ঠা, অসন্তুষ্টির জন্ম নেয়। | সেবাগ্রহীতা আর্থিকভাবে ক্ষতিগ্রস্ত হয়। হতাশা, হয়রানির শিকার হয়, ফলে সময় মত প্রত্যাশিত ফলাফল পায় না। |
| কোন একটি তথ্যের ঘাটতি থাকলে পুরো প্রক্রিয়া পুনরায় করতে হয়। | | |

সমস্যা, সমস্যার কারণ ও এর প্রভাব/ভোগান্তি : রেজিস্ট্রেশন ভুল থাকলে পরবর্তী সকল মূল সনদে ভুল থেকে যায় বিধায় রেজিস্ট্রেশন সংশোধন জরুরি। বিদ্যমান পদ্ধতিতে নাম, বয়স সংশোধনীতে পুরো প্রক্রিয়া সম্পন্ন করতে, সংশ্লিষ্ট কাগজপত্র সংগ্রহ করতে অনেকবার শিক্ষা বোর্ডে/শিক্ষা প্রতিষ্ঠানে সেবা গ্রহীতাকে আসতে হয়। বিধায় সময়ের অপচয় হয়, আর্থিক ক্ষতি হয় ও হয়রানি বাড়ে।

# মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, দিনাজপুর

Web : www.dinajpureducationboard.gov.bd


E-mail : dinajpureducationboard@gmail.com


**অনুপ্রেরণার উৎস-** রেজিস্ট্রেশন ভুল থাকলে পরবর্তী সকল মুল সনদে ভুল থেকে যায় বিধায় রেজিষ্ট্রেশন সংশোধন অতিব জরুরি বিষয় । এই থেকে আইডিয়াটি মাথায় আসে যে শুধু রেজিস্ট্রেশন সংশোধন করতে পারলে আমাদের সেবা গ্রহিতার সময়ের অপচয়, আর্থিক ক্ষতি ও হয়রানি থেকে মুক্ত হতে পারবে ।

**টেকসইকরণে গৃহীত ব্যাবস্থাদির বিবরণঃ** সেবাগ্রহীতা অনলাইনে আবেদন ফরম পূরণ করে প্রয়োজনীয় ফি ও সংশ্লিষ্ট কাগজপত্রসহ শিক্ষার্থী প্রতিষ্ঠান প্রধানের/প্রতিষ্ঠানের ই-মেইলে প্রেরণ করবেন। এরপর প্রতিষ্ঠান প্রধান যাচাই বাছাই শেষে ৪৮ ঘন্টার মধ্যে শিক্ষা বোর্ডের নির্ধারিত ই-মেইলে প্রেরণ করবেন। সংশ্লিষ্ট শাখায় যাচাই বাছাই শেষে শাখা প্রধান অনুমোদন করে কম্পিউটার সেলে পাঠাবেন। কম্পিউটার সেল অনুমতি পাওয়ার ২৪ ঘন্টার মধ্যে রেজিষ্ট্রেশন সংশোধন করবে এবং ডাটাবেইজ আপডেট করবে। সেবাগ্রহীতা সংশোধিত রেজিষ্ট্রেশনের প্রিন্ট আউট কপি অনলাইন থেকে নিতে পারবে। তবে মুল কপি নিতে হলে সেবাগ্রহীতাকে শিক্ষা বোর্ডে আসতে হবে।

এই পদ্ধতি গ্রহনে ১০-২০ হাজার এর অধিক ব্যক্তির জবিনমানে পরিবর্তন আনলো ।

**নতুন প্রসেস ম্যাপঃ**




**উদ্যোগটির মধ্যে নতুনত্ব :** সেবাগ্রহীতা বাসায় বসে রেজিষ্ট্রেশন সংশোধনের সমস্ত প্রক্রিয়া অনলাইনে সম্পন্ন করতে পারবে।

**উদ্যোগটি বাস্তবায়ন করার জন্য যে সমস্ত উপকরণ দরকার :** সকল উপকরণ সংশ্লিষ্ট প্রতিষ্ঠানে বর্তমান রয়েছে।

# মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, দিনাজপুর

Web : www.dinajpureducationboard.gov.bd
E-mail : dinajpureducationboard@gmail.com

উপকারভোগী বা অংশীজনের প্রতিক্রিয়া- নতুন পদ্ধতি গ্রহণের মাধ্যমে উপকারভোগী বা অংশীজনের মধ্যে ব্যাপক ইতিবাচক সারা পাওয়া গেছে। কোন রকম হয়রানী ছাড়া রেজিস্ট্রেশন সংশোধনের সেবাটি পেয়ে সকলে খুশি।

**প্রত্যাশিত ফলাফল (TCV) :**

| আইডিয়া বাস্তবায়নের আগে। | আইডিয়া বাস্তবায়নের পরে | প্রত্যাশিত বেনিফিট |
|---|---|---|
| সময়(T) :১৫দিন | সময়(T) :১-২দিন | সময়(T) :১৩-১৪ দিন |
| খরচ(C): ২৫০০/- | খরচ(C): ৬০০/- | খরচ(C) : ১৯০০/- |
| যাতায়াত(V): ৭বার | যাতায়াত(V): ১বার | যাতায়াত(V): ৬বার |

**সুফল :** শিক্ষার্থী ভোগান্তি ছাড়াই নির্ধারিত ফি ও প্রয়োজনীয় কাগপত্র জমা দিয়ে অনায়াসে সংশোধিত রেজিস্ট্রেশন কার্ড পাবে। পরবর্তীতে অন্যান্য ডকুমেন্ট যেমন- একাডেমিক ট্রান্সক্রিপ্ট, মূলসনদে ভুল থাকবে না।

**উদ্ভাবন ও বাস্তবায়ন টিম :** মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, দিনাজপুর।

| নাম | পদবি | কর্মস্থল |
|---|---|---|
| প্রফেসর মোঃ আবু বকর সিদ্দিক | চেয়ারম্যান | দিনাজপুর শিক্ষা বোর্ড |
| প্রফেসর মোঃ আমিনুল হক সরকার | সচিব | দিনাজপুর শিক্ষা বোর্ড |
| প্রফেসর মোঃ তোফাজ্জল রহমান | পরীক্ষানিয়ন্ত্রক | দিনাজপুর শিক্ষা বোর্ড |
| প্রফেসর মোঃ ফারাজ উদ্দীন তালুকদার | কলেজ পরিদর্শক | দিনাজপুর শিক্ষা বোর্ড |
| মোঃ আবু হেনা মোস্তফা কামাল | বিদ্যালয় পরিদর্শক | দিনাজপুর শিক্ষা বোর্ড |
| প্রফেসর মোঃ হারুন -অর-রশীদ মন্ডল | উপ-পরীক্ষানিয়ন্ত্রক (ফোকাল পয়েন্ট কর্মকর্তা | দিনাজপুর শিক্ষা বোর্ড |

২৭/১০/2020

মোঃ হারুন-অর-রশীদ মন্ডল
উপ-পরীক্ষা নিয়ন্ত্রক
ও
ফোকাল পয়েন্ট কর্মকর্তা
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
দিনাজপুর।